

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং- ০৬

১৩ বৈশাখ, ১৪২২

তারিখ : ২৬ এপ্রিল, ২০১৫

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাচনে ভোটগ্রহণ উপলক্ষে তফসিলী ব্যাংক বন্ধ রাখা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৬/০৪/২০১৫ তারিখের স্মারক নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১২-৮৭ এর সূত্রে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাচনে ভোটগ্রহণ উপলক্ষে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকাসমূহে সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। এতদ্ব্যতিরিক্ত, ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকাসমূহে অবস্থিত তফসিলী ব্যাংকের সকল শাখা আগামী ২৮ এপ্রিল, ২০১৫ মঙ্গলবার বন্ধ থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : বর্ণনা মোতাবেক।

স্বাঃ/-

(মোঃ ইব্রাহিম ভূঁইয়া)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২০৭


স্মারক নং-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১২-৮৭

তারিখঃ ১৩ বৈশাখ, ১৪২২ বঙ্গাব্দ  
২৬ এপ্রিল, ২০১৫ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে আগামী ২৮ এপ্রিল, ২০১৫/১৫ বৈশাখ, ১৪২২ বঙ্গাব্দ মঙ্গলবার ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনের ভোটগ্রহণ উপলক্ষে নির্বাচন সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন এলাকাধীন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীবৃন্দ তাদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে ভোটগ্রহণের দিন ২৮ এপ্রিল, ২০১৫/১৫ বৈশাখ, ১৪২২ বঙ্গাব্দ মঙ্গলবার ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় সাধারণ ছুটি (উক্ত সিটি কর্পোরেশন এলাকায় যদি ঐ তারিখে কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে উক্ত পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে) ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
২৬/০৪/১৫

(এ এস এম মুস্তাফিজুর রহমান)

উপ-সচিব

ফোনঃ ৯৫১৪৪৯২

[regulation4@mopa.gov.bd](mailto:regulation4@mopa.gov.bd)

স্মারক নং-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১২-৮৭/১(২০)


তারিখঃ ১৩ বৈশাখ, ১৪২২ বঙ্গাব্দ  
২৬ এপ্রিল, ২০১৫ খ্রিস্টাব্দ

**অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব/সচিব, .....(সকল মন্ত্রণালয়/বিভাগ)।
- ০৪। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই বাংলা নগর, ঢাকা (সংশ্লিষ্ট নির্বাচনী এলাকাধীন অফিস/সংস্থা/প্রতিষ্ঠানসমূহকে জানানোর জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। পি এস ও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ০৬। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

- ০৭। বিভাগীয় কমিশনার, ঢাকা, চট্টগ্রাম।
- ০৮। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (রেডিও, টেলিভিশন, খবরের কাগজ ইত্যাদি প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধ করা হলো)।
- ০৯। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম।
- ১০। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় ছাপানো ও প্রকাশনার জন্য অনুরোধ করা হলো)।
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ১২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।

  
২৬/০৪/১৫  
(এ এস এম মুস্তাফিজুর রহমান)  
উপ-সচিব  
ফোনঃ ৯৫১৪৪৯২